

# EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

## PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



## সংবাদ বিজ্ঞপ্তি

### রাষ্ট্রদূত মরিয়ানি কর্তৃক 'সাংবাদিকতায় নীতি ও আদর্শ' প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

ঢাকা, ১০ই আগস্ট -- যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত জেমস এফ. মরিয়ানি আজ যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে 'সাংবাদিকতা প্রশিক্ষণ ও গবেষণা উদ্যোগ' বা 'জেএটিআরআই'-এ 'সাংবাদিকতায় নীতি ও আদর্শ' বিষয়ক এক ঘরোয়া প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন। 'জেএটিআরআই' মুদ্রণ ও ইলেকট্রনিক গণমাধ্যম সাংবাদিকদের জন্য অনুসন্ধানী কৌশল (ইনভেস্টিগেটিভ টেকনিকস), মাল্টিমিডিয়া রিপোর্টিং, সংবাদ উপস্থাপন (স্টোরিটেলিং) এবং সাংবাদিকতায় নীতি ও আদর্শ বিষয়ে প্রশিক্ষণ দিয়ে থাকে। এই কর্মসূচির আওতায় গণমাধ্যম পেশাদারদের জন্য এখানে একটি সর্বাধুনিক রিসোর্স সেন্টারও রয়েছে। যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা বা 'ইউএসএআইডি'র মাধ্যমে যুক্তরাষ্ট্র সরকার এক কোটি ৮০ লাখ ডলার ব্যয়ে 'শাসন ব্যবস্থা, জবাবদিহিতা, স্বচ্ছতা ও সততা' বা 'পিআরওজিএটিআই' প্রকল্পের অংশ হিসেবে 'জেএটিআরআই'-কে সহায়তা দিয়ে যাচ্ছে। 'জেএটিআরআই' হচ্ছে বাংলাদেশে অনুসন্ধানী সাংবাদিকতা বিষয়ে প্রথম প্রশিক্ষণ কেন্দ্র। এর ব্যবস্থাপনায় রয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব গভর্ন্যান্স স্টাডিজ বা 'আইজিএস'।

'আইজিএস' এবং 'পিআরওজিএটিআই' এর সহযোগিতায় 'জেএটিআরআই' ১০ থেকে ১২ই আগস্ট সর্বপ্রথম 'সাংবাদিকতায় নীতি ও আদর্শ' বিষয়ে ঘরোয়া প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করছে। এই প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা আলোচনা, অনুকরণ (রোল প্লেয়িং) এবং বাস্তব দৃষ্টান্ত (কেস স্টাডি) উল্লেখপূর্বক তারা এই পেশায় যেসব সমস্যা মোকাবেলা করে থাকে তা তুলে ধরবে। এই প্রশিক্ষণ কর্মসূচিতে প্রথম সারির মুদ্রণ ও ইলেকট্রনিক সংবাদ মাধ্যমের প্রায় ২০ জন সাংবাদিক অংশগ্রহণ করছে।

=====

জিআর/২০০৯

**দ্রষ্টব্য:** এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষ্য 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং ওয়েবসাইট: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।